

93248 - যার মাড়ির দাঁতে কিছু ব্যথা হচ্ছে বিধায় সে রোযাটি ভেঙ্গে ফেলেছে

প্রশ্ন

আমি আমার মাড়ির দাঁতের চিকিৎসা নেয়ার জন্য দস্ত চিকিৎসকের কাছে গিয়েছি। ডাক্তার আমাকে বললেন যে, দাঁতটি উঠিয়ে ফেলতে হবে। যার ফলে আমার কিছু ব্যথা হচ্ছিল এবং আমি রোযা ভেঙ্গে ফেলেছি। এর ফলে আমার উপর কী বর্তাবে?

প্রিয় উত্তর

রোযা রেখে দাঁতের ফিলিং করা ও দাঁত উঠিয়ে ফেলা জায়েয আছে; এমনকি যদি স্থানটি অবশ্য করতে হয় তবুও। এটি রোযার উপর নেতিবাচক কোন প্রভাব ফেলবে না; যদি কোন ঔষধ বা রক্ত গিলে ফেলা থেকে রোগী বিরত থাকে। দেখুন: [13767](#) নং প্রশ্নোত্তরটি।

তবে এমন ব্যক্তির জন্য রোযা ভাঙ্গা জায়েয নাই; যদি না ব্যথা সহ্য করা তার জন্য কষ্টকর হয়ে না যায় এবং কোন ঔষধ সেবন করার প্রয়োজন হয় কিংবা অনেক রক্তপাত হয়; যার কারণে শরীর দুর্বল হয়ে পড়ে।

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে যদি আপনি কেবল দাঁত উঠানোর কারণে রোযাটি ভেঙ্গে ফেলেন তাহলে আপনি ভুল করেছেন। আপনার উপর আবশ্যিক হলো আল্লাহর কাছে তাওবা করা এবং এই দিনের রোযাটির কাযা পালন করা।

আল্লাহই সর্বজ্ঞ।